

# নোযিবেলে এবং তিনটি চুল

Tessa Welch
Wiehan de Jager
Asma Afreen
3
বাংলা bn



বহুকাল আগে, তিন মেয়ে লাকড়ি সংগ্রহ করতে গিয়েছিল।



দিনটি খুব গরম ছিল, তাই তারা নদীতে সাঁতার কাটতে গিয়েছিল। তারা পানিতে খেলেছিল, জল ছিটিয়েছিল এবং সাঁতার কেটেছিল।



হঠাৎ তারা উপলব্ধি করে যে অনেক দেরী হয়ে গেছে। তারা দ্রুত গ্রামে ফিরে গেল।



ঘরে প্রায় পৌঁছে যাবে এমন সময় নোযিবেলে তার গলায় হাত দিল। সে তার হার ভুলে রেখে এসেছে! “অনুগ্রহ করে আমার সাথে ফিরে চল!” সে তার বান্ধবীদের অনুনয় বিনয় করল। কিন্তু তার বান্ধবীরা বলল অনেক দেরী হয়ে গেছে।



তাই নোযিবেলে একাই নদীতে ফিরে গেল। সে তার হার খুঁজে পেল এবং দ্রুত ঘরে ফিরতে গেল। কিন্তু সে অন্ধকারে হারিয়ে গেল।



দূরে সে একটি কুটির থেকে আলো আসতে দেখল। সে তড়িঘড়ি করে সেখানে গেল আর দরজা ঠক ঠক করল।



তাকে অবাক করে দিয়ে একটি কুকুর দরজা খুলল আর বলল,"তুমি কি চাও?" "আমি হারিয়ে গিয়েছি এবং আমার ঘুমোবার জন্য একটি স্থান প্রয়োজন," নোযিবেলে বলল। "ভিতরে আস, নাহলে আমি তোমাকে কামড়ে দিব!" কুকুর বলল। তাই নোযিবেলে ভিতরে আসল।



তারপর কুকুর বলল,”আমার জন্য রান্না কর!” “কিন্তু আমি কখনো এর আগে কুকুরের জন্য রান্না করিনি,” সে উত্তর দিল। “রান্না কর, নাহলে আমি তোমাকে কামড়ে দিব!” কুকুর বলল। তাই নোযিবেলে কুকুরটির জন্য কিছু খাবার রান্না করল।



তারপর কুকুর বলল,”আমার জন্য বিছানা কর!” “কিন্তু আমি কখনো এর আগে কুকুরের জন্য বিছানা করিনি,” সে উত্তর দিল। “বিছানা কর, নাহলে আমি তোমাকে কামড়ে দিব!” কুকুর বলল। তাই নোযিবেলে কুকুরটির জন্য বিছানা করল।



প্রতিদিন তাকে কুকুরের জন্য রান্না আর ধোয়ামোছা করতে হত। তারপর একদিন কুকুর বলল, “নোযিবেলে, আমাকে আজ আমার কয়েকজন বন্ধুর সাথে দেখা করতে যেতে হবে। আমি ফিরে আসার আগে ঘর মুছে, খাবার রান্না করে আর আমার জিনিসপত্র ধুয়ে রাখবে।”



কুকুর চলে যাওয়ার সাথে সাথেই নোজিবলে তার মাথা থেকে তিনটি চুল নিল। সে একটি চুল বিছানার নিচে, একটি দরজার পিছনে এবং একটি বেড়ার মাঝে রাখল। তারপর সে যত দ্রুত সম্ভব তত দ্রুত ঘরে দৌড়ে গেল।



কুকুর ফিরে আসার পর, সে নোজিবেলেকে খুঁজল। “নোজিবেলে, তুমি কোথায়?” সে চিৎকার করে বলল। “আমি এখানে, বিছানার নিচে,” প্রথম চুলটি বলল। “আমি এখানে, দরজার পিছনে,” দ্বিতীয় চুলটি বলল। “আমি এখানে, বেড়ার মধ্যে,” তৃতীয় চুলটি বলল।



তারপর কুকুর বুঝতে পারল যে নোযিবেলে তাকে প্রতারণা করেছে। তাই সে সারাপথ দৌড়ে দৌড়ে গ্রামে গেল। কিন্তু নোযিবেলের ভাইরা সেখানে বড় লাঠি নিয়ে অপেক্ষা করছিলেন। কুকুর উল্টো ঘুরে দৌড়ে পালিয়ে গেল এবং তারপর থেকে আর কখনো তাকে দেখা যায় নি।

# Global Storybooks

globalstorybooks.net

## নোযিবেলে এবং তিনটি চুল


Tessa Welch
Wiehan de Jager
Asma Afreen



CC BY